



স্থাপিত - ১৯৯২

বালিগঞ্জ জগদ্বন্ধু ইনসটিটিউশন অ্যালমনি অ্যাসোসিয়েশন

২৫, ফার্ন রোড, কলকাতা - ৭০০ ০৯৯
রেজি নং S/73377 under WB Act XXVI of 1961

e-mail : jbi.alumni.1914@gmail.com

সভাপতি সুধীরঞ্জন সেনগুপ্ত '৬৬

Website : www.jagadbandhualumni.com

সাধারণ সম্পাদক সৌভিক কুমার ঘোষ '৯০

Facebook : www.facebook.com/jbialumni

পত্রিকা সম্পাদক সুকমল ঘোষ '৬৯

Blog : <http://jagadbandhualumni.com/wordpress/>

RNI No.WBBEN/2010/32438•Regd.No.:KOL RMS/426/2017-2019

• Vol 07 • Issue 8 • 15 Aug 2018 • Price Rs. 2.00 •

দুই পরম শ্রদ্ধেয় প্রয়াত শিক্ষক সুধাকৃষ্ণ গুপ্ত ও সমীর চট্টোপাধ্যায়ের স্মরণসভা

গত ২২ জুলাই ২০১৮ রবিবার সন্ধ্যা ৬ টায় জগদ্বন্ধু ইনসটিটিউশন অ্যালমনি অ্যাসোসিয়েশন সদস্যবৃন্দ পরমপ্রিয় দুই প্রয়াত শিক্ষক সুধাকৃষ্ণ গুপ্ত ও সমীর চট্টোপাধ্যায়ের স্মরণসভায় মিলিত হন। শিল্পী অভিজিৎ দাসের রবীন্দ্রসংগীত পরিবেশনায় এক ভাবগম্ভীর পরিবেশে স্মরণসভা শুরু হয়। অ্যাসোসিয়েশনের বর্তমান সভাপতি সুধীরঞ্জন সেনগুপ্ত ও প্রাক্তন সভাপতি বিশ্বভারতীর প্রাক্তন উপাচার্য দিলীপ কুমার সিংহ মঞ্চে উপস্থিত ছিলেন। সুকমল ঘোষের পরিচালনায় ও সঞ্চালনায় স্মরণসভার কাজ শুরু হয়েছে। প্রবীণ শিক্ষক অলকবাবু স্মৃতিচারণ ও শ্রদ্ধাজ্ঞাপন করেন। প্রাক্তন বিশিষ্ট শিক্ষক সুশীল বৈশিষ্ঠ ও রীতেন রায় শ্রদ্ধা নিবেদন করেন। অ্যালমনির প্রাক্তন সভাপতি দিলীপ কুমার সিংহ তাঁর স্মৃতিচারণ



করলেন। সুধারঞ্জন গুপ্তের ডাক্তার কন্যা অদিতি তাঁর বাবার অনেক আদবকায়দা মনে করিয়ে দেন এবং সুধাবাবুর ছাত্রবাস্থ্যের গল্প উল্লেখ করে সভায় উপস্থিত প্রাক্তন ছাত্রদের ক্ষণিক স্মৃতির করে দেন। শিক্ষক সমীর চট্টোপাধ্যায়ের কন্যা সুদেষ্ণা সান্যাল ও জামাই অর্ণব সান্যাল সভায় উপস্থিত ছিলেন। অর্ণব তাঁর রসিক শ্বশুরমশাইয়ের অনেক গল্প করেন। শিক্ষক ও অ্যাসোসিয়েশনের প্রাক্তন সম্পাদক রজত ঘোষ পরলোকগত শিক্ষকদ্বয়ের প্রতি শ্রদ্ধা নিবেদন করে সমীরবাবুর সুন্দর হস্তাক্ষরের প্রসঙ্গ উত্থাপন করেন। স্মৃতিচারণ করেন অ্যাসোসিয়েশনের সম্পাদক শৌভিক ঘোষ। প্রাক্তনী দেবপ্রসন্ন সিংহ আবেগপ্রবণ ভাষায় বলেন সুধাবাবুর সঙ্গে কিছুদিন আগে পথে দেখা হয়েছিল, হয়তো আরো পরে অন্য কোনো জগতে গিয়ে দেখা হবে। প্রাক্তনী দেবাশিস দাশগুপ্তের শ্রদ্ধাজ্ঞাপনের পর পরিসমাপ্তিতে অ্যালমনি অ্যাসোসিয়েশনের সভাপতি সুধীরঞ্জন সেনগুপ্ত দুই শ্রদ্ধেয় শিক্ষকের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন ও সভায় উপস্থিত প্রাক্তনীদেব ধন্যবাদ জানান। শিল্পী অভিজিৎ দাসের সমাপ্তি সংগীতের মধ্য দিয়ে স্মরণসভা শেষ হয়।

‘খেয়া’ পড়ো ফেলে রেখে মোটা মোটা বই সব,
নিমেয়েই ফিরে পাবে ফেলে আসা শৈশব।
(‘খেয়া’র ছড়া পাঠিয়েছেন - শান্তনু চট্টোপাধ্যায় '৮৩)

**খেয়া - আমাদের মুখ
আমাদের মুখপত্র।**

(পূর্ব প্রকাশিতের পরবর্তী)

পায়ে পায়ে
বিশ্বকাপ

ফুটবলে যুদ্ধ ফুটবলে শান্তি

সন্দীপ চক্রবর্তী ১৯৯২

তবে আশার কথা হোল ফুটবলই আবার এই দুই প্রতিবেশী দেশকে মিলিয়ে দিল ১২ বছর পর, ১৯৮২র স্পেন বিশ্বকাপ এর কোয়ালিফাইং স্টেজে। সেবার এই গ্রুপে ৬টি টিমের মধ্যে কোয়ালিফাই করবে প্রথম দুই দল। শেষ রাউণ্ডে এসে দেখা গেল হুগুরাস টেবিল এর টপে এবং ইতিমধ্যেই কোয়ালিফাই করে গেছে। আর একটি টিম যাবে, এর সালভাদোর বা মেক্সিকো। শেষ খেলা পড়লো হুগুরাসের সাথে মেক্সিকোর। জিতলেই মেক্সিকো কোয়ালিফাই করবে। যদি হুগুরাস ড্রও করে দিতে পারে, তবে এল সালভাদোর টিকিট পেয়ে যাবে স্পেন এর। বৈরিতার ইতিহাস মাথায় রাখলে মনে হবে হুগুরাস কখনোই জান লড়িয়ে দেবে না এর সালভাদোর এর সুবিধার্থে। বরং তারা কিছু উঠতি রিজার্ভড প্লেয়ার

খেলিয়ে দেখে নিতে পারে। হুগুরাসের রাজধানী তেগুচিগালায় খেলা। তুমুল হাড্ডাহাড্ডি লড়াই হল। শক্তিশালী মেক্সিকো সারা মাঠে দাপিয়ে বেড়াল, কিন্তু হুগুরাস ডিফেন্ডাররা মাছি গলতে দিল না গোলের সামনে। গোলশূন্য ম্যাচ দেখল যে, অতীতের বৈরিতা নয়, জিতল ফুটবল। একদা শত্রু দুই দেশ হাত ধরাধরি করে উঠে বসলো স্পেনের বিমানে মূলপর্বে খেলার জন্য। মুঞ্চ এল সালভাদোর পুরো হুগুরাস টিমকে আমন্ত্রণ জানিয়েছিল তাদের দেশে একসাথে সেলিব্রেট করবে বলে। তাহলে আমরা দেখলাম, ফুটবল শুধু লড়িয়েই দেয় তা নয়। পরস্পরকে বুকে জড়িয়ে নিতেও সাহায্য করে।

(... চলবে পরের সংখ্যায়)

‘খেয়া’ জগদ্বন্ধু অ্যালমনি অ্যাসোসিয়েশনের মুখপত্র। মাসিক খেয়া এবং পুনর্মিলন উৎসবে প্রকাশিত বার্ষিক খেয়া সকলের আপন পত্রিকা হয়ে উঠুক সকলের অংশগ্রহণে - এই কামনা করি।

সুধীরঞ্জন সেনগুপ্ত '৬৬

যার খাবার খেলেই মন ভালো হয়ে যায়



ঙুণ ব্যাটার

৪২/৪৩ ইষ্ট গুণ্ড পার্ক, কলকাতা - ৩৯

০৩৩ ২৩৪৩ ৯৬৮৮

৯৮৩১০০১১০৯

৭০০৩৬৬৮৯৬৩

পিক্সেল পারফেক্ট



ল্যাপটপ রিপেয়ারিং

ডেস্কটপ রিপেয়ারিং




নীচের যে কোনও সমস্যার সমাধানে...

।। কম্পিউটার চালু আছে অথচ স্ক্রীনে কিছু দেখা যাচ্ছে না ।।
।। কম্পিউটার চালু হচ্ছে না ।। কম্পিউটার চালু হলেও বুটিং হচ্ছে না ।। ।। কম্পিউটার নিজে থেকে বন্ধ হয়ে যাচ্ছে বা আবার শুরু হচ্ছে ।। ।। ডিসপ্লে সমস্যা ।। স্ক্রীনের আয়তনের সমস্যা ।। অ্যাডাপ্টার দিয়ে চালানো যাচ্ছে না ।। ব্যাটারি দিয়ে চালানো যাচ্ছে না ।। কীবোর্ড সমস্যা ।। কম্পিউটার অভিরিক্ত গরম হয়ে যাচ্ছে ।। ব্যাটারি চার্জ সংক্রান্ত সমস্যা ।।.....ইত্যাদি

ডেস্কটপ ও ল্যাপটপের স্পেয়ার পার্টস পাওয়া যায়:

মাদারবোর্ড, প্রসেসর, স্মার্ট, হার্ডডিস্ক, এমএমপিএম, ডিভিডি, কীবোর্ড, মাউস, মনিটর, স্পিকার, প্রিন্টার, ব্যাটারি, অ্যাডাপ্টারইত্যাদি



এছাড়াও আছে:
ইউএসবি হাব, স্মার্ট বসটার, ডিজিটাল কেবল, পাওয়ার কর্ড, কার্ড রিডার, ওয়াইফাই অ্যাডাপ্টার, পেন ড্রাইভ.....ইত্যাদি

৯৯ ৯৯৯ ৯৯৯ ৯৯ / ৯ ৯৯৯৯ ৯ ৯৯ ৯৯